কর্মকর্তা পদে

# নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY
গাজীপুর-১৭০৫

বাউবি/প্রশা/নি-৮(১৯)/৯৬/পার্ট-৪/৩৬৯০

তারিখ: ২৯ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
১৩ আগস্ট ২০২৫ খ্রিষ্টাব্দ

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে 'রেজিস্ট্রার' পদে বিধি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতাদিসহ পদের বিপরীতে উল্লেখিত জাতীয় বেতনস্কেলে নিয়োগের নিমিত্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্রমিক নং | পদের নাম ও বেতনস্কেল | পদের সংখ্যা |
|---|---|---|
| ১. | রেজিস্ট্রার<br>টাকা ৫৬৫০০-৭৪৪০০ (গ্রেড-৩) | ০১টি |

প্রাপ্ত আবেদনপত্রসমূহ প্রাথমিক বাছাইয়ের পর উপযুক্ত প্রার্থীদের প্রার্থিত পদে নিয়োগের জন্য তিন পর্যায়ে পরীক্ষা অনুষ্ঠিত হবে: (১) লিখিত পরীক্ষা; লিখিত পরীক্ষায় উত্তীর্ণদের জন্য (২) কম্পিউটার লিটারেসি টেস্ট এবং প্রাগুক্ত উভয় পরীক্ষায় উত্তীর্ণদের জন্য (৩) মৌখিক পরীক্ষা। **আবেদনের শেষ তারিখ: ১৮-০৯-২০২৫ অফিস চলাকালীন সময়।** বিস্তারিত তথ্য ও আবেদন ফরম-এর জন্য বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.bou.ac.bd) দেখুন।

রেজিস্ট্রার
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
গাজীপুর

রেজিস্ট্রারের কার্যালয়
Office of the Registrar

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY

বাউবি/প্রশা/নি-৮(১৯)/৯৬/পার্ট-৪/৩৬৯০

তারিখ : ২৯ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
১৩ আগস্ট ২০২৫ খ্রিষ্টাব্দ

# বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে রেজিস্ট্রার পদে নিয়োগের জন্য প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার শর্তাবলী

| ক্রম | পদের নাম | পদের সংখ্যা | বেতনস্কেল | বয়স | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ১. | রেজিস্ট্রার | ০১টি | ৫৬৫০০-৭৪৪০০ (গ্রেড-৩) | অনূর্ধ্ব ৫০ বছর | **শিক্ষাগত যোগ্যতা**<br>ক) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় ২য় বিভাগ/ন্যূনতম জিপিএ ২.০ (৫ মাত্রার স্কেলে)। ও-লেভেল এবং এ-লেভেলে আনুপাতিক হারে জিপিএ নির্ধারিত হবে।<br>খ) অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে যে কোনো বিষয়ে স্নাতক/স্নাতক সম্মানে ২য় শ্রেণি/ন্যূনতম সিজিপিএ ৩.০ সহ স্নাতকোত্তর ডিগ্রীতে ২য় শ্রেণি/ন্যূনতম সিজিপিএ ৩.০ (৪ মাত্রার স্কেলে)।<br>গ) উচ্চতর ডিগ্রী অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।<br>**অভিজ্ঞতা**<br>ক) কোনো অনুমোদিত বিশ্ববিদ্যালয় অথবা সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে বা প্রতিরক্ষা বাহিনীর নিয়ন্ত্রণাধীন কোন শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনায় এবং একাডেমিক বিষয়ে জাতীয় বেতনস্কেলের ৪র্থ গ্রেডে যুগ্ম-পরিচালক/সমমানের পদে কমপক্ষে ৩ বছর ও ৫ম গ্রেডে উপ-পরিচালক/উপ-রেজিস্ট্রার/ সমমানের পদে কমপক্ষে ৫ বছরসহ ৪র্থ ও ৫ম গ্রেডে মোট ৮ বছরের অভিজ্ঞতাসহ প্রথম শ্রেণির পদে সর্বমোট ১৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বিশ্ববিদ্যালয় পর্যায়ে প্রশাসনিক কাজে অভিজ্ঞতা থাকতে হবে। বিশ্ববিদ্যালয় পর্যায়ে প্রশাসনিক কাজে অভিজ্ঞ প্রার্থীর ক্ষেত্রে বয়স ও অভিজ্ঞতার শর্ত শিথিলযোগ্য।<br>খ) কম্পিউটার লিটারেসি এবং ইংরেজি ও বাংলায় উত্তম জ্ঞান, অভিজ্ঞ ও দক্ষ প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। |

## আবেদনের শর্তসমূহ

১। শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে এসএসসি/সমমান ও এইচএসসি/ সমমান পর্যায়ে ৪ মাত্রার স্কেল হলে এবং স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে ৫ মাত্রার স্কেল হলে আনুপাতিক হারে জিপিএ/সিজিপিএ নির্ধারিত হবে।

২। বিজ্ঞাপিত পদে নিয়োগের জন্য নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার শর্তাবলী এবং আবেদন করার নিয়মাবলীসহ আবেদনপত্রের ফরম সরাসরি অথবা **www.bou.ac.bd** ওয়েবসাইট থেকে অথবা ১০(দশ) টাকা মূল্যের ডাক টিকেটসহ নিজ ঠিকানা সম্বলিত ৪.৫''×১০'' খাম প্রেরণপূর্বক **রেজিস্ট্রার**-এর দপ্তর হতে সংগ্রহ করা যাবে।

৩। আবেদনপত্রের সঙ্গে সার্টিফিকেট, মার্কশীট/গ্রেডশীট, প্রশিক্ষণ (কম্পিউটার ও অন্যান্য প্রশিক্ষণ) ও অভিজ্ঞতার সনদপত্র, জন্ম-সনদপত্র এবং জাতীয় পরিচয়পত্রের অনুলিপি ও পাসপোর্ট সাইজের ২ কপি ছবি ও ১,০০০/- (এক হাজার) টাকার ব্যাংক ড্রাফ্‌ট/পে-অর্ডার সংযুক্ত করে **"রেজিস্ট্রার, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৫"** বরাবর প্রেরণ করতে হবে। উপরি-উক্ত কাগজপত্রের অনুলিপি ও প্রার্থীর ছবি সত্যায়ন করার প্রয়োজন নেই। **সংশ্লিষ্ট কাগজপত্রসহ ০২(দুই) সেট আবেদনপত্র জমা দিতে হবে।**

রেজিস্ট্রারের কার্যালয়
Office of the Registrar

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY

৪। আবেদনকারীকে জনতা ব্যাংকের যে কোনো শাখা থেকে **"বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৫"** বরাবরে প্রার্থীত পদের জন্য **১,০০০/- (এক হাজার) টাকার** ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার (অফেরৎযোগ্য) আবেদনপত্রের সাথে যুক্ত করতে হবে। **পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়।**

৫। আবেদনকারীকে আবেদন ফরম স্বহস্তে/কম্পোজ করে পূরণ করতে হবে।

৬। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের ফরোয়ার্ডিং লেটার/অগ্রায়নসহ নির্ধারিত সময়ের মধ্যে প্রয়োজনীয় কাগজপত্র (প্রত্যয়ন করার প্রয়োজন নাই) সংযোজনপূর্বক **মোট ০২(দুই) সেট** আবেদনপত্র **"রেজিস্ট্রার, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৫"** বরাবর **১৮/০৯/২০২৫ তারিখের** মধ্যে ডাকযোগে বা কুরিয়ার সার্ভিস-এর মাধ্যমে প্রেরণ করতে হবে অথবা নিজ হাতে/প্রতিনিধির মাধ্যমে রেজিস্ট্রার অফিসে জমা দিতে হবে। রেজিস্ট্রার অফিসে আবেদনপত্র সরাসরি জমা দেয়া হলে প্রাপ্তি স্বীকারপত্র দেয়া হবে। আবেদনপত্রের সাথে দাখিলকৃত কোনো কিছুই ফেরত দেয়া হবে না।

৭। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে কর্মরত (স্থায়ী/অস্থায়ী/অনিয়মিত) প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা (বিভাগ/শ্রেণি/জিপিএ/সিজিপিএ-এর ক্ষেত্রে প্রযোজ্য), অভিজ্ঞতা ও বয়সের যে কোনো ২টি শর্ত শিথিলযোগ্য। অভ্যন্তরীণ প্রার্থী যারা কমপক্ষে ১৫(পনেরো) বৎসর যাবত বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে সক্রিয়ভাবে চাকরি করেছেন, তাদের ক্ষেত্রে বিষয়-এর শর্ত শিথিলযোগ্য। ১২/০৪/২০২৩ তারিখে অনুষ্ঠিত বোর্ড অব গভর্নরস্-এর ১৮৭তম সভার সিদ্ধান্ত মোতাবেক আবেদনপত্র যাচাই-বাছাইয়ের জন্য গঠিত কমিটি প্রয়োজনে যাচাই-বাছাই কমিটির সর্বশেষ সভার তারিখ পর্যন্ত অভ্যন্তরীণ প্রার্থীদের অভিজ্ঞতা গণনা করতে পারবে। অভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে বর্তমান পদের অর্থাৎ সর্বশেষ পদের অভিজ্ঞতা এক-তৃতীয়াংশ পর্যন্ত শিথিল করা যাবে।

৮। প্রার্থীকে তার প্রার্থীত পদের নাম খামের উপরে স্পষ্টাক্ষরে লিখতে হবে।

৯। ভুয়া তথ্য সম্বলিত/অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র অথবা নির্ধারিত অংকের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্তি ব্যতীত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১০। এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ আবেদনকারীর পরীক্ষা গ্রহণ করতে বা তাকে প্রার্থিত পদে নিয়োগ দিতে বাধ্য থাকবে না।

১১। আবেদনের শেষ তারিখে (১৮/০৯/২০২৫) প্রার্থীর বয়স অনূর্ধ্ব ৫০ বৎসর হতে হবে।

১২। সকল পদের জন্য দূরশিক্ষণ প্রতিষ্ঠানে কর্মরত অভিজ্ঞ প্রার্থী ও অভ্যন্তরীণ যোগ্যতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।

১৩। প্রার্থীর কম্পিউটার লিটারেসি (বিশেষ করে বাংলা ও ইংরেজিতে কম্পোজ করা), কম্পিউটার চালনা, সাবলীলভাবে ইন্টারনেট ব্যবহার (ই-মেইলে তথ্য আদান-প্রদানসহ)-এর বাস্তব জ্ঞান ও পারদর্শিতা থাকতে হবে।

১৪। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের যে কোনো বিভাগ/স্কুলে কর্মরত প্রার্থীর অভিজ্ঞতা অন্য যে কোনো পরবর্তী পদে নিয়োগের জন্য সংশ্লিষ্ট পদের প্রয়োজনীয় অভিজ্ঞতা হিসেবে সমভাবে বিবেচিত হবে।

১৫। নিয়োগপ্রাপ্তকে বাসা/ফ্ল্যাটের প্রাপ্যতা সাপেক্ষে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বসবাস করতে হবে। কর্তৃপক্ষের লিখিত অনুমতি ব্যতীত কোনো কর্মকর্তা ক্যাম্পাসের বাইরে বসবাস করতে পারবেন না।

১৬। প্রাপ্ত আবেদনপত্রসমূহ প্রাথমিক বাছাইয়ের পর উপযুক্ত প্রার্থীদের প্রার্থিত পদে নিয়োগের জন্য তিন পর্যায়ে পরীক্ষা অনুষ্ঠিত হবে: (১) লিখিত পরীক্ষা; লিখিত পরীক্ষায় উত্তীর্ণদের জন্য (২) কম্পিউটার লিটারেসি টেস্ট এবং প্রাগুক্ত উভয় পরীক্ষায় উত্তীর্ণদের জন্য (৩) মৌখিক পরীক্ষা। যে কোনো প্রকার পরীক্ষায় অংশগ্রহণের জন্য টি.এ/ডি.এ প্রদান করা হবে না।

১৭। অসম্পূর্ণ এবং নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১৮। কম্পিউটার চালনায় অভিজ্ঞতা না থাকলে আবেদন করার প্রয়োজন নাই।

রেজিস্ট্রার
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
গাজীপুর